# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২৪. পেশাব-পায়খানার সময় কি কি কাজ করলে মাকরূহ হয়?

১. আল্লাহর নাম সম্বলিত লেখা বা অন্যকিছু সাথে রাখা। (আবু দাউদ: ১৯)।
২. কথা বলা, সালাম দেওয়া, সালামের জবাব দেওয়া । (মুসলিম: ৩৭০)
৩. হাচি আসলে ‘আল-হামদুলিল্লাহ' বলা এবং অন্য কেউ আল-হামদুলিল্লাহ' বললে এরও জবাব দেওয়া।
৪. প্রবাহমান বাতাসের মুখোমুখী হয়ে বসা। এতে পেশাবের ছিটাফোটা গায়ে এসে পড়তে পারে।
৫. কোন গর্তের মধ্যে পেশাব করা (আবু দাউদ)। কেননা, গর্তে সাপ, বিচ্ছু ও জিন থাকে।
৬. যেখানে গোসল করবে সে একই জায়গায় প্রস্রাব করা । (আবু দাউদ: ২৭)।
৭. স্রোতস্বিনী পানিতে প্রস্রাব করা ।
৮. ঘুম থেকে উঠে হাত ধোয়ার আগে পানির পাত্রে হাত ঢুকানো। (বুখারী: ১৬২)।
৯. পেশাব শেষে পুরুষাঙ্গ ধরে জনসমক্ষে ৪০ কদম হাঁটা। এমন হাঁটাহাঁটির কথা নবীজী (স) কখনো বলেননি, নিজেও করেননি। এটা কোন সুন্নাত কাজ নয়, বরং এটি একটি নির্লজ্জ কাজ। মক্কা-মদীনার উলামায়ে কিলাম কেউই এমন ধরনের গর্হিত কাজ করেন না।
১০. ঘরে কোন পাত্রে পেশাব জমিয়ে রাখা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12756

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন